দৈনিক ইনকিলাব

তারিখ 16 NOV 1992
পৃষ্ঠা ৮ কলাম ১

06

# ইউকসু নির্বাচন অনিশ্চিত হয়ে পড়েছে

*।। বুয়েট রিপোর্টার ।।*

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ইউকসু) নির্বাচন অনিশ্চিত হয়ে পড়েছে। আগামী ২৬ নভেম্বরের অনুষ্ঠিতব্য নির্বাচনের মনোনয়নপত্র জমা দেয়ার শেষ দিন। গত ১৪ নভেম্বর কোন মনোনয়নপত্র জমা পড়েনি।

বাংলাদেশ ছাত্র ইউনিয়ন ক্যাম্পাসে নির্বাচনের পরিবেশ ফিরিয়ে আনার দাবীতে নির্বাচন বর্জনের ঘোষণা দেয়। ইতিপূর্বে ছাত্র দলের মনোনয়ন চূড়ান্ত করার সময় বহিরাগত সন্ত্রাসীরা পটকা ফোটায় এবং পরদিন দুপুরে ফাঁকা গুলী বর্ষণ করে। এরপর রাতে বেশ কয়েক রাউণ্ড ফাঁকা গুলী বর্ষিত হলে পরদিন আর মনোনয়নপত্র জমা পড়েনি।

গতকাল ছাত্র দলের সন্ত্রাসের এবং কর্তৃপক্ষের নিষ্ক্রিয়তার প্রতিবাদে ছাত্র ইউনিয়নের ডাকে ছাত্র ধর্মঘট পালিত হয়। মুজিববাদী ছাত্র লীগ এবং জাসদ ছাত্র লীগ-এর সমর্থনে মিছিল বের করে। ছাত্র ইউনিয়ন সন্ত্রাসের প্রতিবাদে মিছিল করে। এ সময় বুয়েট ছাত্র দলের কোন নেতাকেই দেখা যায়নি। ভারপ্রাপ্ত ভিসি, প্রফেসর ডঃ তাহের আলী নিজে এসে ছাত্রদের আহ্বান করলেও ছাত্ররা ক্লাসে যায়নি।